

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৯৬৪

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/৪২. সালাতের মাকরূহসমূহ

بَابِ مَا يُكْرَهُ فِي الصَّلَاةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ الدِّمَشْقِيُّ، حَدَّثَنَا ابْنُ أَبِي فُدَيْكٍ، حَدَّثَنَا هَارُونُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْهُدَيْرِ التَّيْمِيُّ، عَنِ الأَعْرَجِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " إِنَّ مِنَ الْجَفَاءِ أَنْ يُكْثِرَ الرَّجُلُ مَسْحَ جَبْهَتِهِ قَبْلَ الْفَرَاغِ مِنْ صَلَاتِهِ " .

বাংলা

১/৯৬৪। আবূ হুরাইরাহ (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন: কোন ব্যাক্তির তার সালাত থেকে অবসর না হয়েই অধিক বার তার কপাল মোছা রূঢ় আচরণের অন্তর্ভুক্ত।

English

It was narrated from Abu Hurairah that the Messenger of Allah (ﷺ) said: "It is impolite for a man to wipe his forehead a great deal before he finishes prayer."

ফুটনোট

তাখরীজ কুতুবৃত সিত্তাহ: নাই।

তাহকীক আলবানী: যঈফ। তাখরীজ আলবানী: ইরওয়া ৩৮২ যঈফ, জামি সগীর ৫৭৫ যঈফ ১৯৯৩ যঈফ, যঈফাহ ৮৭৭। উক্ত হাদিসের রাবী হারুন বিন আবদুল্লাহ ইবনুল হুদায়র আত-তায়মী সম্পর্কে ইমাম বুখারী বলেন, তার হাদিসের ব্যাপারে অনুসরণ করা যাবে না। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় মুনকার ও তার হাদিসের ব্যাপারে অনুসরণ করা যাবে না। ইমাম নাসাঈ তাকে দুর্বল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন